

স্মারক নং ৩১.৪৩.৮১৮২.০০০.২১.০০৪.২৩- ১৫১

তারিখ: ১৭ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ  
০২ নভেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ


### “নিলাম নোটিশ”

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এই অফিসের নিয়ন্ত্রণাধীন পুঠিয়া ইউনিয়ন ভূমি অফিসের আওতাভুক্ত ৩৪ নং কাঠালবাড়ীয়া মৌজাস্থিত ০১ নং খাস খতিয়ানভুক্ত হাল ১৮০, ১৮১, ১৮২, ১৮৩, ১৮৪, ১৮৭ ও ১৯৩ দাগের উপরিস্থিত প্রস্তাবিত শেখ রাসেল মিনি স্টেডিয়ামের নির্মাণাধীন স্থানে বিদ্যমান পুরাতন প্যাভিলিয়ন ভবন আগামী ০৯/১১/২০২৩ খ্রি. তারিখ সকাল ১০ টায় নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষে প্রকাশ্য নিলাম ডাকের মাধ্যমে বিক্রয় করা হবে। উপজেলা প্রকৌশলী, পুঠিয়া, রাজশাহী কর্তৃক বর্ণিত অবকাঠামোর প্রাক্কলিত সরকারী মূল্য ১,৮৫,১৫৯/- (একলক্ষ পঁচাত্তর হাজার একশত উনষাট) টাকা মাত্র।

আগ্রহী ব্যক্তিবর্গকে নির্ধারিত তারিখ ও সময়ে যথাস্থানে উপস্থিত হয়ে নিলাম ডাকে অংশ গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

#### শর্তাবলী:

- ১। ডাককারীকে ডাকে অংশগ্রহণের পূর্বে জামানত বাবদ নগদ ১০,০০০/- (দশ হাজার) টাকা সহ উপস্থিত থাকতে হবে।
- ২। প্রাথমিকভাবে ডাক অনুমোদিত হলে ডাককারীকে ডাকের সমুদয় অর্থ ধার্য তারিখে ডাক শেষ হওয়ার সংগে সংগে পরিশোধ করতে হবে।
- ৩। ডাক মূল্যের ১০% হারে আয়কর ও ১৫% হারে ভ্যাট পরিশোধ করতে হবে।
- ৪। ০৯/১১/২০২৩ খ্রি. তারিখের মধ্যে নিলাম মূল্য, আয়কর ও ভ্যাট জমা দিতে ব্যর্থ হলে নিলাম বাতিল ও জামানতের টাকা বাজেয়াপ্ত করে সরকারী কোষাগারে জমা দেওয়া হবে।
- ৫। নিলাম মূল্য সন্তোষজনক না হলে নিলাম প্রদানের নিমিত্ত পুনরায় নিলাম বিজ্ঞপ্তি জারি করা হবে।

  
০২/১১/২০২৩  
দেবশীষ বসাক

পরিচিতি নং- ১৮৫৯৭

সহকারী কমিশনার (ভূমি)


পুঠিয়া, রাজশাহী

ফোন : ০২৫৮৮৮৬৮৬৪০

ইমেইল: aclandputhia@gmail.com

অনুলিপি জ্ঞাতার্থে/ কার্যার্থে:

- ০১। উপজেলা নির্বাহী অফিসার, পুঠিয়া, রাজশাহী
- ০২। উপজেলা প্রকৌশলী, পুঠিয়া, রাজশাহী
- ০৩। অফিসার ইন-চার্জ, পুঠিয়া থানা, পুঠিয়া, রাজশাহী
- ০৪। ইউনিয়ন ভূমি সহকারী/উপ সহকারী কর্মকর্তা, পুঠিয়া/বানেশ্বর/পাইকপাড়া/শিলমাড়িয়া ইউনিয়ন ভূমি অফিস, পুঠিয়া, রাজশাহী।  
(তাকে বহুল প্রচারপূর্বক নোটিশ জারির প্রতিবেদন ধার্য তারিখের পূর্বে দাখিল করতে বলা হলো)
- ০৫। সহকারী প্রোগ্রামার, পুঠিয়া, রাজশাহী [নোটিশটি ওয়েবপোর্টালে প্রকাশের অনুরোধসহ]
- ০৬। নাজির, উপজেলা ভূমি অফিস, পুঠিয়া, রাজশাহী [নোটিশটি ওয়েবপোর্টালে প্রকাশের অনুরোধসহ]

  
০২/১১/২০২৩  
সহকারী কমিশনার (ভূমি)  
পুঠিয়া, রাজশাহী